গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিচার শাখা-১

সম্পাদক
দৈনিক প্রথম আলো
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ,
কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

(দৃঃআঃ চীফ রিপোর্টার)।

বিষয়ঃ গাইবান্ধার বিচারকের বদলী সংক্রান্তে প্রকাশিত ভুল সংবাদের প্রতিবাদ প্রসঙ্গে।

আপনার স্বনামধন্য দৈনিক প্রথম আলো পত্রিকার ৭ জুলাই ২০১৫ সংখ্যায় প্রকাশিত 'গ্রেপ্তারি পরোয়ানার আদেশদানকারী বিচারককে বদলী' শিরোনামের সংবাদের প্রতি আইন ও বিচার বিভাগের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। নিজস্ব প্রতিবেদক ও গাইবান্ধা প্রতিনিধির বরাতে উক্ত সংবাদে উল্লেখ করা হয়েছে যে, 'আইন ও বিচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেখা যায়, গাইবান্ধায় আদালতের কর্মচারীকে মারধরের ঘটনায় গাইবান্ধা সদর থানার ওসিসহ ১০ জন পুলিশ সদস্যের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির আদেশদানকারী গাইবান্ধার জ্যেষ্ঠ বিচারিক হাকিম এস এম তাসকিনুল হককে বদলীর আদেশ জারী করা হয়েছে' যা সঠিক নয়। প্রতিবেদনটির কারণে আইন ও বিচার বিভাগ সম্পর্কে জনমনে বিভ্রান্তি বা ভুল বুঝাবুঝির সৃষ্টি হতে পারে। তাই এ বিষয়ে আইন ও বিচার বিভাগের নিম্নরূপ বক্তব্য তুলে ধরা হলো:

বিচার বিভাগীয় কর্মকর্তাদের নিয়মিত বদলীর ধারাবাহিকতায় গাইবান্ধার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব এ.এস.এম তাসকিনুল হক-কে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গোবিন্দগঞ্জ চৌকি, গাইবান্ধা হিসাবে বদলীর নিমিত্ত আইন ও বিচার বিভাগ হতে গত ১৬/০৬/২০১৫খ্রিঃ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রস্তাব প্রেরণ করা হয়। বাংলাদেশ সুপ্রীম কোর্ট গত ২৯/০৬/২০১৫ খ্রিঃ তারিখে উক্ত কর্মকর্তার বদলীর প্রস্তাবে একমত পোষণ করে। এর প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগ গত ০৫/০৭/২০১৫ খ্রিঃ তারিখে তার বদলীসংক্রান্ত সরকারী আদেশ জারী করে ও তা ওয়েবসাইটে প্রকাশ করে। উক্ত বদলীর সাথে মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারির কোন সম্পর্ক নেই। বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী যথাযথ প্রক্রিয়া অবলম্বনপূর্বক উক্ত বদলী আদেশ জারী করা হয়েছে।

"প্রথম আলো" নিরপেক্ষ ও গ্রহণযোগ্য সংবাদ প্রচারের মাধ্যমে ধারাবাহিকতা বজায় রাখছে বলে মনে করি। এমতাবস্থায়, আপনার ব্যক্তিগত হস্তক্ষেপে প্রদত্ত প্রতিবাদটি আপনার স্বনামধন্য পত্রিকার আগামীকালের সংখ্যার প্রথম পৃষ্ঠায় গুরুত্বসহকারে প্রকাশের মাধ্যমে ভুল সংবাদের ফলে সৃষ্ট বিভ্রান্তি দূর করার জন্য অনুরোধ করছি।

৭/৭/১৫
(উৎপল চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১ (অঃ)